



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০১.২২/

তারিখঃ ২২ মার্চ ২০২৩

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ

মহাব্যবস্থাপক (কম্পট্রাকশন), চলতি দায়িত্ব

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ২১-০৩-২০২৩

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা এবং কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় নির্ধারণে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ


ক) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	ই ফাইল এর ব্যবহার বৃদ্ধিকরণ	ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ২.১ অনুযায়ী ই ফাইলে নিষ্পত্তিকৃত মোট নথির শতকরা হার নির্ণয়ের লক্ষ্যে ৩য় ত্রৈমাসিক অর্থাৎ জানুয়ারি ২০২৩ থেকে মার্চ ২০২৩ পর্যন্ত হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ও এ সংক্রান্ত প্রমানক সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২০২২-২০২৩ অর্থ বছরের ১ম ও ২য় ত্রৈমাসিকের ন্যায় এবারও সকল ডিভিশন বরাবর হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ও এ সংক্রান্ত প্রমানক প্রদান করার জন্য নির্দিষ্ট ফরম্যাটের ফর্ম প্রেরণ করতে হবে এবং আগামী ৩১-০৩-২০২৩ তারিখ পূরণকৃত ফর্মসমূহ ফেরত গ্রহণপূর্বক এই ত্রৈমাসিক পর্যন্ত ই ফাইলে নিষ্পত্তিকৃত মোট নথির শতকরা হার নির্ণয় করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব, ইনোভেশন টিম।
২.২	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার প্রচারণা বৃদ্ধিকরণ	ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ১.১.১ অনুযায়ী এই বছর একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত করা হয়েছে। এমতাবস্থায় এই বছর ও বিগত বছর সমূহে যেই সকল উদ্ভাবনী ধারণা জেজিটিডিএসএল এ বাস্তবায়িত হয়েছে, অত্র কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের ভিতর সেই সকল উদ্যোগসমূহের ব্যাপক প্রচারণা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন সভা/কর্মশালা ও প্রশিক্ষণ অনুষ্ঠানের একটি নির্দিষ্ট সময় বরাদ্দ রাখতে হবে এবং সেই সময়ে এই বছর ও বিগত বছর সমূহে যেই সকল উদ্ভাবনী ধারণা জেজিটিডিএসএল এ বাস্তবায়িত হয়েছে, সেই সকল উদ্যোগসমূহের ব্যাপারে কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করতে হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৩	ইনোভেটিভ আইডিয়া আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রচারণা বৃদ্ধি।	‘আগামী ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নের লক্ষ্যে জেজিটিডিএসএল এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে ইনোভেটিভ আইডিয়া আহ্বান করা হচ্ছে’ মর্মে প্রদানকৃত বিজ্ঞপ্তির প্রচারণা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ই নথিতে ডাকযোগে সকল কর্মকর্তা বরাবর বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণ করতে হবে এবং বিভিন্ন সভা/কর্মসূচিতে মৌখিকভাবে বিজ্ঞপ্তির বিষয়ে প্রচারণা করতে হবে।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২/০৬/২০২৩

(প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ)
মহাব্যবস্থাপক (কম্পিউটার), চলতি দায়িত্ব

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিভরণঃ

১। মহাব্যবস্থাপক(বিপণন-দক্ষিণ/বিপণন-উত্তর/পরিচালনা/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। দপ্তর নথি।